দৈনিক বাংলা

তারিখ 25 DEC 1996
পৃষ্ঠা 7 কলাম 7

## বাংলাদেশে জন্মশাসন কার্যক্রম প্রশংসনীয় ঃ নাফিস সাদিক

# অপুষ্টি দূর করতে নারী শিক্ষার ওপর জোর দেয়া হয়েছে ঃ প্রধানমন্ত্রী

সফররত জাতিসংঘ জনসংখ্যা তহবিলের (ইউএনএফপিএ) নির্বাহী পরিচালক ডঃ নাফিস সাদিক মঙ্গলবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন। খবর বাসস'র।

ডঃ নাফিস সাদিক বাংলাদেশের পরিবার কল্যাণ ও জন্মনিয়ন্ত্রণ কার্যক্রমের প্রশংসা করেন। প্রধানমন্ত্রীর সঙ্গে জন্ম নিয়ন্ত্রণের বিভিন্ন দিক নিয়ে আলাপকালে ডঃ নাফিস বলেন, বাংলাদেশে ইউএনএফপি'এর চলমান কর্মসূচীর সম্প্রসারণ ঘটানো হবে এবং ১৯৯৮ সালে নতুন কর্মসূচী আসবে। তিনি পরিবার স্বাস্থ্য যত্নের এবং জনসংখ্যা নিয়ন্ত্রণ, বিশেষ করে তাদের সামাজিক দিকগুলোর প্রতি অধিকতর নজর দেয়ার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন।

প্রধানমন্ত্রী ডঃ নাফিসকে বলেন, তাঁর সরকার সমস্যাগুলো চিহ্নিত করেছে এবং সেই অনুযায়ী কাজ করার প্রচেষ্টা চলছে।

শেখ হাসিনা পুরুষ ও মহিলাদের পরিবার কল্যাণ, জনসংখ্যা ও স্বাস্থ্য যত্ন সম্পর্কে শিক্ষাদানের ওপর গুরুত্বারোপ করেন।

অপুষ্টির বিরুদ্ধে এবং মৌলিক স্বাস্থ্য যত্ন পদ্ধতির জন্য নেয়া তার সরকারের বিভিন্ন কর্মসূচী ও ব্যবস্থা সম্পর্কে শেখ হাসিনা বলেন, নারী শিক্ষার ওপর সর্বোচ্চ গুরুত্বারোপ করা হয়েছে যাতে স্থায়ীভাবে এ সমস্যা মোকাবিলা করা যায়।

প্রধানমন্ত্রী এই বিরাট সমস্যাসমূহ মোকাবিলা করার জন্য বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার কাছ থেকে সাহায্য ও সহযোগিতা কামনা করেন।

### স্পীকারের সঙ্গে সাক্ষাৎ


ডঃ নাফিস সাদিক মঙ্গলবার স্পীকার হুমায়ুন রশীদ চৌধুরীর সঙ্গে তার সংসদ ভবন কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে ডঃ সাদিক স্পীকারের সঙ্গে বাংলাদেশের জন্ম নিয়ন্ত্রণ ব্যবস্থার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন এবং বলেন, জন্ম নিয়ন্ত্রণ ব্যবস্থাকে পুরোপুরি সফল করার জন্য দম্পতিদের আরো উন্নত সেবা প্রদান করা উচিত।

তিনি জনসংখ্যা নিয়ন্ত্রণের জন্য সর্বদলীয় সংসদীয় গ্রুপ গঠনের পরামর্শ দেন। এই পদক্ষেপ জন্ম নিয়ন্ত্রণের ক্ষেত্রে ইতিবাচক অবদান রাখতে পারে।

স্পীকার হুমায়ুন রশীদ চৌধুরী ডঃ সাদিকের সঙ্গে একমত হন এবং এই লক্ষ্যে অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করা হবে বলে তিনি জানান।

(৮-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)



সফররত জাতিসংঘ জনসংখ্যা তহবিলের নির্বাহী পরিচালক ডঃ নাফিস সাদিক মঙ্গলবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন